# পাঠ পরিকল্পনা-১ (শ্রেণি : নবম)

**সময় : ৩৫ মিনিট**

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

| সময় | বিবরণ |
|---|---|
| ৫ মিনিট | **উপস্থিতি পর্যালোচনা ও প্রথম ক্লাশ হওয়ায় পারস্পরিক পরিচিতিমূলক আলোচনা।**<br>**পূর্বজ্ঞান পরীক্ষা-** ১. শিক্ষা কী?<br>২. ইসলামি শিক্ষা কী? |
| ১০ মিনিট | ইসলাম শিক্ষার পরিচয় জানার পূর্বে শিক্ষার পরিচয় জানা জরুরী।<br>**শিক্ষা**<br>শিক্ষার ইংরেজি প্রতিশব্দ হলো- Education. Education শব্দটি ল্যাটিন শব্দ Educere বা Educatum থেকে এসেছে। যার অর্থ হলো শিক্ষাদান ও প্রতিপালন, শিক্ষাদান, শিক্ষা, প্রতিপালন করা, শিক্ষিত করে তোলা, শিক্ষা দেয়া, অভ্যাস করানো। অধ্যাপক রেমন্ট এর মতে শিক্ষা হলো, “Education means the process of development in’ which Consists the passage of the human body from infancy to maturity, the process whereby he gradually adapts himself in various ways to the physical, social and spiritual environment”। অর্থাৎ ‘শিক্ষা হল ক্রমবিকাশের এমন একটি প্রক্রিয়া যা মানুষের শৈশব থেকে পরিণত বয়স পর্যন্ত পরিব্যাপ্ত এবং এই প্রক্রিয়ার দ্বারা ব্যক্তি তার প্রাকৃতিক, সামাজিক ও আধ্যাত্মিক পরিবেশের সঙ্গে ক্রমশ সঙ্গতি স্থাপন করতে সক্ষম হয়।<br>John Milton বলেন, "Education is the harmonious development of body, mind and soul" (শরীর, মন এবং আত্মার সুসামঞ্জস্য উন্নয়নই শিক্ষা)<br>**ইসলামি শিক্ষা**<br>ইসলাম ধর্মের সাথে শিক্ষার সম্পর্ক ওতপ্রোত। কারণ ইসলামের প্রধান ধর্মগ্রন্থ আল কুরআনের প্রথম শব্দ হলো (اقرا) পড়, যা একজন মুসলিমকে জ্ঞানার্জনে উৎসাহ দেয়, যার পরিসীলিত ও প্রাতিষ্ঠানিক নাম হলো শিক্ষা। শিক্ষার আরবি পরিভাষা হিসেবে ইলম (عِلْمٌ) শব্দটি সর্বাধিক বেশি ব্যবহৃত হয়। ইলমুন (عِلْمٌ) অর্থ হলো– অবগত হওয়া, বিশ্বাস করা, জানা, হৃদয়ঙ্গম করা, অনুধাবন করা।<br>Reports on Islamic Education and Madrasha education in Bengal গ্রন্থে ইসলামী শিক্ষা বিশ্লেষণ করে বলা হয়, “Islamic Education, in the true sense of the term, is a system of education which unables a man to know the preceps of Islam and perform all activities of his life in conformity with the Qur`an and the sunnah; as such he can mould his life in accordance with doctrines and injunctions of Islam. And thus peace and prosperity may prevail in his own life as well as in the whole world.” অর্থ-“ইসলামিক শিক্ষা, শব্দটির সত্যিকার অর্থে, এমন একটি শিক্ষাব্যবস্থা যা একজন মানুষকে ইসলামের মূলবিষয়গুলি জানতে এবং কুরআন ও সুন্নাহর সাথে সঙ্গতিপূর্ণভাবে তার জীবনের সমস্ত ক্রিয়াকলাপ সম্পাদন করতে সক্ষম করে; তিনি তার জীবনকে ইসলামের আদর্শ এবং আদেশ অনুসারে পরিচালিত করতে পারেন। এইভাবে তাঁর নিজের জীবনের পাশাপাশি সমগ্র বিশ্বে শান্তি ও সমৃদ্ধি বিরাজ করতে পারে।” |
| ১০ মিনিট | **নৈতিক শিক্ষা**<br>নৈতিকতার ইংরেজি প্রতিশব্দ Morality, যা এসেছে Morals থেকে। এর অর্থ হলো : আচার-ব্যবহার, রীতি-নীতি বা Costoms প্রথা। আরেকটি প্রতিশব্দ Ethics এর অর্থ-আচার-ব্যবহার, চরিত্র বা রীতি-নীতি (Usages) যা অভ্যাস (Habits). মর‍্যালিটি ও এথিক্স- উভয়শব্দই কাছাকাছি অর্থে ব্যবহৃত হয়। আরবী প্রতিশব্দ হচ্ছে خلق খুলুক (Khulq) বহুবচনে أخلاق (Akhlaq) আখলাক। এর দু‘টি দিক রয়েছে, একটি হচ্ছে আখলাকে হামিদাহ, Noble or good manners, nobility of character, High moral standards-উন্নত উত্তম চারিত্রিক আদর্শ। আরেকটি হচ্ছে আখলাকে |

| | |
|---|---|
| | যামিমাহ-খারাফ ও মন্দ নৈতিকতা, মন্দ আচরণ, মন্দ চরিত্র।<br>**ইসলামি শিক্ষাই হলো নৈতিক শিক্ষা**<br>বর্তমান সময়ে সকল ধর্ম শিক্ষার নির্ধারিত বইয়ের সাথে নৈতিক শিক্ষা শব্দটি যুক্ত করা হয়েছে। প্রকৃতঅর্থে ধর্মই মানুষকে নৈতিক শিক্ষার নির্দেশনা দেয়। এ সম্পর্কে বিখ্যাত মনীষী Sir Stanely Hull-এর মতে, 'If you teach your children three R's : Reading, Writing and Arithmetic and leave the fourth 'R' : Religion, then you will get a fifth 'R' : Rascality.' অর্থাৎ 'যদি আপনি আপনার শিশুকে শুধু তিনটি 'R' (Reading, Writing, Arithmetic) তথা পঠন, লিখন ও গণিতই শেখান কিন্তু চতুর্থ 'R' (Religion) তথা ধর্ম না শেখান তাহলে এর মাধ্যমে আপনি একটি পঞ্চম 'R' (Rascality) তথা নিরেট অপদার্থই পাবেন।<br>ইসলামের শিক্ষাসমুহের মধ্যে অপরিহার্য মৌলিক শিক্ষা হলো মানুষের নৈতিক চরিত্র সংশোধন ও শিক্ষা দান। মানুষের নৈতিক চরিত্র নৈতিকতা ও আধ্যাত্মিকতার সংশোধন, পরিশোধন ও পরিমার্জন এমন এক মহান কাজ যার পূর্ণতা বিকাশের উদ্দেশ্যে মহানবী হয়রত মুহাম্মাদ (সা.)-কে নবী বানিয়ে পৃতিবী বাসীর কাছে প্রেরণ করা হয়েছে। মহানবী নিজেই ঘোষণা করেন। "মহান নৈতিক গুণাবলী পরিপূর্ণ করার জন্যই আমাকে প্রেরণ করা হয়েছে।"<br>নৈতিক চরিত্র হলো মানুষের সবচেয়ে উন্নত গুণ বৈশিষ্ট। এটি একটি উন্নত জাতির জীবনীশক্তি। মানুষের বা কোনো জাতির নৈতিক চরিত্র যতদিন অক্ষুন্ন থাকে, সে মানুষ বা জাতিও ততদিন অক্ষয় থাকে। যে জাতির নৈতিক চরিত্র নেই, সে জাতি এ দুনিয়ায় বেশি দিন টিকে থাকতে পারে না।<br>মানুষের নৈতিকতা ও চরিত্রকে সুন্দর পরিপাটি করার ব্যাপারে ইসলাম যে কতবেশি গুরুত্বপূর্ন ও মর্যাদাপূর্ন তা মহানবী সা.-এর এ বাণী থেকে সহজেই বোঝা যায়। মহানবী (সা.) বলেন, "নৈতিকতার বিচারে যে ব্যক্তি উত্তম, মু'মিনদের মধ্যে সে ব্যক্তিই পূর্ণতম ঈমানের অধিকারী।" (তিরমিযী, হাদীস নং :১১৬২) |
| ৫ মিনিট | **ইসলাম শিক্ষার গুরুত্ব**<br>ক. বিধানগত গুরুত্ব। (জ্ঞানার্জন করা ফরজ! তবে কতটুকু জ্ঞানার্জন করা ফরজ? আলোচনা।)<br>১. ফরজে আইন, ২. ফরজে কিফায়া, ৩. মুস্তাহাব, ৪. মুবাহ, ৫. হারাম, ৬. সহায়ক শিক্ষা<br>খ. ইসলামি শিক্ষার মর্যাদাগত গুরুত্ব (ইসলামি শিক্ষা অর্জন করে কী লাভ/সুফল? বাস্তব জীবনের গল্প- কারণ এ অংশ থেকে এ ধরনের সৃজনশীল প্রশ্ন আসে।)<br>১. প্রভূত কল্যাণকর, ২. জান্নাত লাভ, ৩. আল্লাহর সন্তুষ্টি অর্জন, ৪. উত্তম ইবাদাত, ৫. মর্যাদার মাপকাঠি। |
| ৫ মিনিট | **শিক্ষার্থীদের পিডব্যাক/পাঠোত্তর মূল্যায়ন**<br>১. শিক্ষা বলতে কী বুঝ?<br>২. ইসলামী শিক্ষার ধারণা দাও। |